রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৮, ২০২০

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত হবে]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ মাঘ ১৪২৬ ব:/১০ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

**নং ৩০.০০.০০০০.০১৪.১১.০০২.২০১৬-১১৪**—বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সিএনএস-এটিএম (রাডারসহ) সংক্রান্ত যন্ত্রপাতি জি টু জি পদ্ধতিতে ক্রয়ের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৪ জানুয়ারি ২০১৬ খ্রি: তারিখের ০৩.০৭৪.০৪৬.০০.০০.০০১.২০১৫-৩৬ নং পরিপত্র অনুযায়ী এ মন্ত্রণালয়ের ১৭-০৯-২০১৮ তারিখের ৩০.০০.০০০০.০১৪.১১.০০২.২০১৬-৬৪৭ নং প্রজ্ঞাপন দ্বারা গঠিত কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

(ক) কমিটি :

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বিমান ও সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সভাপতি |
| ২. | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব) | - সদস্য |
| ৩. | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব) | - সদস্য |
| ৪. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব) | - সদস্য |
| ৫. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব) | - সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ৬. | জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি (যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব) | - সদস্য |
| ৭. | সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ৮. | সদস্য (ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | - সদস্য |
| ৯. | যুগ্ম-সচিব (সিএ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | - সদস্য সচিব |

(খ) বর্ণিত কমিটির সভাপতি অতিরিক্ত সচিব (বিমান ও সিএ) এর পদ শূন্য থাকলে অথবা তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর পরিবর্তে অতিরিক্ত সচিব (নিয়ন্ত্রক, হোটেল ও রেঁস্তোরা সেল) দায়িত্ব পালন করবেন।

(গ) কমিটির কার্যপরিধি :

(১) জি টু জি পদ্ধতিতে কোনো বিদেশী সরকার বা অন্য দেশের সরকারি প্রতিষ্ঠান থেকে তাদের প্রস্তাবিত দ্রব্য বা সেবা ক্রয় করা সমীচীন কিনা তা বাছাই করা।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি বা অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে বিবেচনার জন্য টেকনিক্যাল কমিটির সাথে পরামর্শ করে এই কমিটি সংশ্লিষ্ট প্রকল্পের মূল্য নির্ধারণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd